

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৫৬

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

بَابُ التَّيَمُّم

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي دَاوُدَ ، نَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ ، ح : وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ سُلَيْمَانَ الْمَالِكِيُّ بِالْبَصْرَةِ ، ثَنَا أَبُو مُوسَى ، ح : وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ أَخُو كَرْخَوَيْهِ ، ح : وَحَدَّثَنَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، نَا أَبُو الْأَزْهَرِ ، قَالُوا : نَا وَهْبُ بْنُ جَرِيرٍ ، نَا أَبِي ، قَالَ : سَمِعْتُ يَحْيَى بْنَ أَيُّوبَ يُحَدِّثُ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ ، عَنْ عِمْرَانَ بْنِ أَبِي أَنِسٍ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرٍ ، عَنْ عَمْرِو بْنِ الْعَاصِ ، قَالَ : عَمْرَانَ بْنِ أَبِي أَنِسٍ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرٍ ، عَنْ عَمْرِو بْنِ الْعَاصِ ، قَالَ : عَمْرَانَ بْنِ أَبِي أَنِي أَبِي أَنِسٍ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرٍ ، عَنْ عَمْرِو بْنِ الْعَاصِ ، قَالَ : عَمْرَانَ بْنِ أَبِي أَنِي أَنِي الْمَعْنَى أَنْ أَهْلِكَ ، فَتُلَوْدَ وَلَكَ لِلنَّبِيّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَقَالَ " يَا عَمْرُو ، صَلَيْتُ بِأَصْحَابِي الصَبُّرِ ، فَذُكِرَ ذَلِكَ لِلنَّبِيّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَقَالَ " يَا عَمْرُو ، صَلَيْتَ بِأَصْحَابِي الصَبُّرِةِ وَأَنْتَ جُنُبٌ ؟! " . فَأَخْبَرْتُهُ بِالَّذِي مَنَعْنِي مِنَ فَقَالَ " يَا عَمْرُو ، صَلَيْتَ بِأَصْحَابِكَ وَأَنْتَ جُنُبٌ ؟! " . فَأَخْبَرْتُهُ بِالَّذِي مَنَعْنِي مِنَ الْعَاسِ ، فَقُلْتُ وَلِكَ إِلِي شَيْئًا . الْمَعْنَى مُتَقَارِبٌ وَكَا مَ فَالَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ وَلَمُ يَقُلْ لِي شَيْئًا . الْمَعْنَى مُتَقَارِبٌ

বাংলা

৬৫৬(১২) আবু বাকর ইবনে আবু দাউদ (রহঃ) ... আমর ইবনুল আস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক শীতের রাতে আমার স্বপ্পদোষ হলো। তখন আমি গাযওয়া (যুদ্ধ) যাতুস সালাসিল*-এর ময়দানেছিলাম। আমার আশংকা হলো, যদি আমি গোসল করি তবে (ঠাণ্ডায়) ধ্বংস হয়ে যাবো। অতএব আমি তাইয়াম্মুম করলাম, অতঃপর আমার সাথীদের নিয়ে ফজরের নামায পড়লাম। বিষয়টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উল্লেখ করা হলে তিনি বলেন, হে আমর! তুমি তোমার সাথীদের নিয়ে নামায পড়েছে অথচ তুমি ছিলে অপবিত্র! অতএব আমি তাকে আমার গোসল না করার প্রতিবন্ধকতা সম্পর্কে অবহিত করলাম। আমি আরো বললাম, আমি মহামহিম আল্লাহকে বলতে শুনেছি, "তোমরা নিজেদের হত্য করো না, নিশ্চয়ই আল্লাহ তোমাদের উপর দয়াশীল"



(সূরা নিসাঃ ২৯)। এতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসলেন এবং আমাকে কিছু বলেননি। বিভিন্ন সূত্রে বর্ণনার তাৎপর্য প্রায় একই (আহমাদ, আবু দাউদ, হাকেম, বুখারী তারজুমাতুল বাব, ইবনে হিব্বান)।

ফুটনোট

* যাতুস-সালাসিল হলো বর্তমান সৌদী আরবের ওয়াদিল কুরার পশ্চাদ্ভাগে অবস্থিত একটি এলাকার নাম। অস্টম হিজরীর জুমাদাল উলা মাসে এই যুদ্ধ সংঘটিত হয়। যেসব যুদ্ধে স্বয়ং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্ষমা প্রধান সেনাপতি ছিলেন সেই যুদ্ধ 'গাযওয়া' নামে অভিহিত (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন